

চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা
চট্টগ্রাম
মোবাইল নং-০১৮২৪৪৭৭৬৯৩

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

২০ সেপ্টেম্বর ২০২১খ্রি.

চসিকের দ্রাম্যমাণ আদালত
অস্বাস্থ্যকর ও নোংরা পরিবেশে খাদ্য দ্রব্য উৎপাদন করায়
৮০ হাজার টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ সোমবার নগরীর কোতোয়ালী থানাধীন রেয়াজউদ্দিন বাজারস্থ তিনপুলের মাথা এলাকায় অস্বাস্থ্যকর ও নোংরা পরিবেশে মিস্ট্রন দ্রব্য উৎপাদন এবং বিক্রির অপরাধে নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী পরিচালিত অভিযানে জলযোগ রেস্টুরেন্টের বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ৫০ হাজার টাকা ও ঘোষ সুইটসকে ৩০ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। অপর অভিযানে স্পেশাল ম্যাজিস্ট্রেট জাহানারা ফেরদৌসের নেতৃত্বে মোমিন রোডে ফুটপাথ ও রাস্তার উপর নির্মাণ সামগ্রী রেখে জনসাধারণের চলাচলে বিঘ্ন সৃষ্টির দায়ে ১ ব্যক্তির বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ১০ হাজার জরিমানা করা হয়। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা, কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটগনকে সহায়তা প্রদান করেন।

চসিকের উদ্যোগে
সিনিয়র সচিব মো. হেলালুদ্দীন আহমদ-এর রোগ মুক্তি কামনায়
দোয়া মাহফিল অনুষ্ঠিত

স্থানীয় সরকার মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মো. হেলালুদ্দীন আহমদ-এর আশু রোগ মুক্তি কামনায় আজ সোমবার সকালে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে নগরীর হজরত শেখ ফরিদ (র.) জামে মসজিদ, লালদীঘি জামে মসজিদ, চকবাজার জামে মসজিদ, সুগন্ধা আবাসিক এলাকা জামে মসজিদ, দক্ষিণ খুলশী ভিআইপি আবাসিক এলাকা জামে মসজিদ, জহুর হকর্স মার্কেট জামে মসজিদ, আরেফিন নগর জামে মসজিদ, সাগরিকা গরু বাজার জামে মসজিদ, সাগরিকা জহুর আহমদ চৌধুরী স্টেডিয়াম সংলগ্ন মা আয়শা সিদ্দিকা (রা.) জামে মসজিদ ও সিটি কর্পোরেশন এবাদত খানায় মিলাদ ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মাদ্রাসা পরিদর্শক মাওলানা আলহাজ্ব হারুন-উর-রশিদ এর তত্ত্বাবধানে স্ব স্ব মসজিদের ইমামগণ মিলাদ ও দোয়া মাহফিল পরিচালনা করেন। দোয়া মাহফিলে মো. হেলাল উদ্দিনের রোগ মুক্তি ও সু-াস্থ্য কামনা করে বিশেষ মুনাজত অনুষ্ঠিত হয়।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩